

বিজনেস স্টাডিজ অনুষদ ও আইবিএ  
ইউনিট-বি  
রাজশাহী বিশ্ববিদ্যালয়

মেমো নং- ১৭৬(৩)/বি. স্টা./বিবিএ প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা-২০১৯-২০/৩৪

তারিখ : ১১/১২/২০১৯

## নোটিশ

বিজনেস স্টাডিজ অনুষদ ও আইবিএ (ইউনিট-বি) বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে বাণিজ্য ও অ-বাণিজ্য গ্রুপের আসন শূন্য থাকায় অপেক্ষমান তালিকা (Panel) থেকে ভর্তির জন্য দ্বিতীয় তালিকা প্রকাশ করা হল। নির্বাচিত ছাত্র/ছাত্রীদের ১২/১২/২০১৯ তারিখ হতে ১৮/১২/২০১৯ তারিখের মধ্যে অনলাইনে (<http://admission.ru.ac.bd>) ভর্তি ফরম পূরণ করার পর দুই কপি প্রিন্ট করে অফিস চলাকালীন সময়ে স্ব স্ব বিভাগে/ইনস্টিটিউটে ভর্তির ডকুমেন্টসমূহ যাচাই বাছাই করার পর বিজনেস স্টাডিজ অনুষদ অফিসে (ডীনস্ কমপ্লেক্স -তৃতীয় তলা রুম নং ৩১৮) এসে ভর্তির পরবর্তী কার্যক্রম সম্পন্ন করতে হবে। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে ভর্তির সকল প্রক্রিয়া সম্পন্ন করতে না পারলে পরবর্তীতে ভর্তির আর কোন সুযোগ থাকবে না।

আসন খালি থাকা সাপেক্ষে অপেক্ষমান তালিকা হতে নির্বাচিত ছাত্র/ছাত্রীদের নাম ১৯/১২/২০১৯ তারিখে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

ক্রাশ শুরুর তারিখঃ ২১ জানুয়ারী, মঙ্গলবার ২০২০।

নির্বাচিত ছাত্র/ছাত্রীদেরকে নিম্নে উল্লিখিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবেঃ

- ভর্তির জন্য নির্বাচিত সকল ছাত্র/ছাত্রীকে অনলাইনে (<http://admission.ru.ac.bd>) ৪,৯১০.০০ (চার হাজার নয়শত দশ) টাকা টাকা মাত্র জমা দিয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি ফরম পূরণ করতে হবে এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলী অনলাইনে পাওয়া যাবে।
- ভর্তির সময় (অফিস চলাকালীন সময়ে) নিম্নের ডকুমেন্টসমূহ A4 সাইজ খামে (খামের উপরে নাম, রোল নং, মেধাক্রম, মোবাইল নং, জমাকৃত ডকুমেন্ট সমূহের নাম লিখে) অনুষদ অফিসে জমা দিতে হবে।
  - এইচ.এস.সি./সমমান পরীক্ষার মূল সার্টিফিকেট (যদি থাকে), মূল মার্কসশীট ও রেজিস্ট্রেশন কার্ড।
  - ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (পরীক্ষার হলে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত)।
  - Subject Choice Form এর প্রিন্ট কপি।

উল্লেখ্য যে, জমাকৃত কাগজপত্র এক বছর সঞ্চিত বিভাগীয় অফিসে জমা রাখা হবে।

### শর্তাবলীঃ

- ছাত্র/ছাত্রীদের প্রদত্ত তথ্যাবলীতে কোন অসঙ্গতি পরিলক্ষিত হলে ভর্তি বাতিল করা হবে।
- প্রকাশিত ফলাফলে ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা ভর্তি ইউনিটের থাকবে।

(প্রফেসর ড. এ কে শামসুদ্দোহা)

চীফ কো-অর্ডিনেটর, ইউনিট-বি

বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা কমিটি ২০১৯-২০

ও

পরিচালক, ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট

রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।